Gmail

Ucaliptas <ucaliptas909@gmail.com>

কবিতা: সাঁঝের নদী তীরে

1 message

Mohammad Sheikh Zohurul Islam <mszi065045@gmail.com> Sun, Mar 16, 2025 at 7:06 AM
To: ucaliptas909@gmail.com

সাঁঝের নদী তীরে
তাফিফ বিন জামিল

সাঁঝের নদী তীরে—
আকাশে ধূসর রেখা এঁকে সন্ধ্যা যখন নামে;
নদীর ঘাটে আমি তখনো বসে থাকি;
গা এলিয়ে।
কাঁশফুলের ডগা দুলিয়ে;
অচেনা দমকা বাতাস যায় হঠাৎ যায় থেমে।
চেনা কোনো সুরে—
গান গেয়ে যায় হলুদ দুটি পাখি।

দূর মাঠের শেষে—
ঘন অরণ্যের প'রে—
শালিকের ডানায় যেনো ভেসে আসে;
চাঁদের ক্ষীণ ম্লান আলো।
নদীতে জেলেরা মাছ ধরে;
ঢেউয়ে ঢেউয়ে চাঁদের হাসি হারায়—
নরম আলোয় হিজলের ডালে যেনো বেলা শেষ হলো।

রচনাকাল: ২৬ ফাল্গুন ১৪২৮।